



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা

ফোনঃ ৮৮-০৮১-৬৫৯৮৮ (ডিগ্রী শাখা); ৬৫২৪৫ (উচ্চমাধ্যমিক শাখা), EINN: 105822
ফ্যাক্সঃ ৮৮-০৮১-৭১১৩১; ই-মেইল : principal@cvgc.edu.bd ওয়েব সাইট : www.cvgc.edu.bd
Facebook Page: https://www.facebook.com/cvgc.edu.bd

তারিখ: ২৩/০৪/২০২৬খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ২য় পর্যায়ে অনলাইনে প্রাথমিক আবেদনের বিজ্ঞপ্তি:

স্মারক নং- ১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০২৩-২০২৪/৫৭৫১ তারিখ: ২২/০৪/২০২৬ মোতাবেক কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ২য় পর্যায়ে অনলাইন প্রাথমিক আবেদন করতে আগ্রহী শিক্ষার্থীদের জানানো যাচ্ছে, আগামী ০৩/০৫/২০২৬খ্রি. মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) এ প্রবেশ করে Apply Now (Masters Preli.) এ ক্লিক করে প্রাথমিক আবেদন এর চাহিত তথ্য সঠিকভাবে দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে। সঠিকভাবে তথ্য সরবরাহের পর ভর্তির প্রাথমিক আবেদন ফরমটি ডাউনলোড করতে হবে এবং ভবিষ্যতের প্রয়োজনে সংরক্ষণ করতে হবে। আগামী ০৩/০৫/২০২৬ তারিখের মধ্যে Bkash Apps অথবা PI Banking Apps “Education Fee” এর মাধ্যমে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে অনলাইন প্রাথমিক আবেদনের ফি ১,০০০/- (এক হাজার) টাকা পরিশোধ করার জন্য বলা হলো।

বিঃদ্রঃ ২য় পর্যায়ে আবেদনকারী প্রার্থীদের সরাসরি কোন মেধা তালিকা দেয় হবে না তবে তাদের মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিলিজ স্লিপের মাধ্যমে তিনটি কলেজে বিষয় নির্ধারণ করে আবেদন করতে হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদন ফরম পূরণের পর কলেজের আবেদন ফরম পূরণ সংক্রান্ত প্রক্রিয়া:-

http://cvgc.eshiksaems.com ওয়েবসাইটে User Name: cvgcstudent Password: cvgcstudent দিয়ে লগইন করে Apply for Application Form-এ সিলেক্ট করতে হবে। Select application group হতে Admission Prel. to Masters নির্বাচন করে Nu Roll Number ০৭ সংখ্যা সঠিকভাবে পূরণ করতে হবে এবং Student Name এ ইংরেজিতে নাম সঠিকভাবে লিখে Mobile Number এ শিক্ষার্থীর/অভিভাবকের সচল মোবাইল নম্বর সঠিকভাবে লিখে Submit করতে হবে।


প্রাথমিক আবেদন ফি জমা প্রক্রিয়া

Bkash Apps জমাদান প্রক্রিয়া	পূবালী ব্যাংক PI Banking Apps জমাদান প্রক্রিয়া
➤ Bkash apps এ Login করে Education Fee সিলেক্ট করে Comilla Victoria Government College সিলেক্ট করতে হবে। ➤ Enter Student ID এর স্থানে Nu Roll Number ০৭ সংখ্যার এন্ট্রি দিয়ে শিক্ষার্থীর নাম ও নির্ধারিত টাকার পরিমাণ যাচাই করে সঠিক থাকলে Bkash ব্যবহারকারীর PIN নম্বর দিয়ে Confirm করতে হবে।	➤ PI Banking Apps এ Login করে Bills Pay সিলেক্ট করে Education সিলেক্ট করতে হবে। ➤ শিক্ষা প্রতিষ্ঠানের নাম এ Cumilla Victoria Government College সিলেক্ট করে Reference ID এর স্থানে Nu Roll Number ০৭ সংখ্যার এন্ট্রি দিয়ে Proccess এ ক্লিক করে শিক্ষার্থীর নাম ও নির্ধারিত টাকার পরিমাণ যাচাই করে সঠিক থাকলে Confirm করতে হবে।

প্রাথমিক আবেদন ফি জমা রশিদের Pay Slip প্রিন্ট কপি সংগ্রহের প্রক্রিয়া: http://cvgc.eshiksaems.com ওয়েবসাইটে প্রবেশ করে User Name: cvgcstudent Password: cvgcstudent দিয়ে লগইন করে Receipts Print থেকে শিক্ষার্থীর NU Application ID Number ০৭ সংখ্যা এন্ট্রি দিয়ে প্রাথমিক আবেদন ফি জমা রশিদের Pay Slip প্রিন্ট করে প্রিন্টেট কপি শিক্ষার্থীর নিকট সংরক্ষণ করতে হবে।

➤ আগামী ০৪/০৫/২০২৬ খ্রি. মধ্যে আবেদনকারীর মোবাইলে প্রাথমিক আবেদন নিশ্চয়ন সংক্রান্ত SMS যাবে অথবা Preliminary to Masters(Regular) applicant login Click Here এ Login করে View Application Status: Received থাকবে। উক্ত তারিখের মধ্যে নিশ্চয়ন SMS/View Application Status: Received না থাকলে ০৫/০৫/২০২৬খ্রি. জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদন কপি ও ফি জমা রশিদের কপি নিয়ে অফিস সময়ে কলেজ অফিসে যোগাযোগ করতে হবে। অন্যথায় এ সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

বিঃ দ্রঃ প্রাথমিক আবেদনপত্রে কোন প্রকার ভুলের জন্য আবেদনকারী দায়ী থাকবে। তাই প্রাথমিক আবেদন ফরমটি সতর্কতার সাথে পূরণ করতে হবে। বিকাশ (মোবাইল ব্যাংকিং)/পূবালী ব্যাংক PI Banking Apps এর মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে ফি জমা প্রদান না করলে/ভুল করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।



প্রফেসর মোঃ আবুল বাসার ভূঞা (৭৬৩২)

অধ্যক্ষ

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ

কুমিল্লা



জাতীয় বিশ্ববিদ্যালয় বাংলাদেশ

NOTICE COPY MASTER'S PRELIMINARY, 2021-2022 - Copy

স্মারক নং- ১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০২৩-২০২৪/৫৭৫১

তারিখ: ২২/০৪/২০২৬

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ে অনলাইন প্রাথমিক আবেদন সম্পর্কিত
জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) কোর্সে ভর্তির জন্য ইচ্ছুক যে সকল আবেদনকারী প্রাথমিক আবেদন করতে পারেনি অথবা প্রাথমিক আবেদন করেও কলেজ কর্তৃক তা নিশ্চয়ন করা হয়নি তাদের জন্য এই ভর্তি কার্যক্রমে ২৩ এপ্রিল ২০২৬ তারিখ বিকাল ৪টা থেকে ০৩ মে ২০২৬ তারিখ রাত ১২টা পর্যন্ত ২য় পর্যায়ে অনলাইন প্রাথমিক আবেদনের সুযোগ দেয়া হলো। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা আবেদনকৃত কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) ০৪ মে ২০২৬ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে ১ম পর্যায়ে যে সকল শিক্ষার্থী প্রাথমিক আবেদন করেছে, সে সকল শিক্ষার্থীর ২য় পর্যায়ে আবেদন করার প্রয়োজন নেই। ২য় পর্যায়ে আবেদনকারী প্রার্থীদের সরাসরি কোন মেধা তালিকা দেয় হবে না তবে তাদের মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিলিজ স্লিপের মাধ্যমে তিনটি কলেজে বিষয় নির্ধারণ করে আবেদন করতে হবে। উল্লেখ্য যে, স্মারক নং- ১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০২৩-২০২৪/৫৭০৫, তারিখ: ২৬/০১/২০২৬ এ প্রকাশিত ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) কোর্সের ভর্তি বিজ্ঞপ্তিতে বর্ণিত অন্যান্য সকল শর্ত ও নিয়মাবলী অপরিবর্তিত থাকবে।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর Prospectus (Professional)/Important Notice অপশন থেকে জানা যাবে।

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ে প্রাথমিক আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
১)	২য় পর্যায়ে অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:	২৩/০৪/২০২৬ থেকে ০৩/০৫/২০২৬
২)	আবেদনকারীদের ২য় পর্যায়ের প্রাথমিক আবেদন ফরমসহ আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার তারিখ:	২৫/০৪/২০২৬ থেকে ০৪/০৫/২০২৬
৩)	কলেজ কর্তৃক অনলাইনে ২য় পর্যায়ে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার তারিখ:	২৫/০৪/২০২৬ থেকে ০৫/০৫/২০২৬
৪)	কলেজ কর্তৃক ২য় পর্যায়ে নিশ্চয়নকৃত আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ প্রার্থী প্রতি ৮০০/- (আটশত) টাকা হারে সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Application Payment Info (Prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	০৬/০৫/২০২৬ থেকে ১২/০৫/২০২৬

২২.০৪.২০২৬

(প্রফেসর ড. ফকির রফিকুল আলম)
ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

ফোন : ০২-৯৯৬৬৯১৫৭৪

ই-মেইল- adm.masf@nu.ac.bd

তারিখ: ২২/০৪/২০২৬

স্মারক নং- ১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০২৩-২০২৪/৫৭৫১

অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-১, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-২, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৯। অতিরিক্ত রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ১০। অফিস কপি

স্বা/-

(মোহাম্মদ সিরাজুল ইসলাম)

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স ও মাস্টার্স প্রফেশনাল)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।